

(প্রেস বিজ্ঞপ্তি)

০৫ এপ্রিল'২০২৪খ্রি.

হাজারো দুঃস্থ, অসহায় ও পথশিশু পেল
চসিক মেয়রের ঈদ উপহার

হাজারো দুঃস্থ, অসহায় ও পথশিশুদের মাঝে ঈদবস্ত্র বিতরণ করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। শুক্রবার দুপুরে বহুদারহাটস্থ মেয়রের বাসভবনে উপস্থিত হয়ে মেয়র রেজাউলের কাছ থেকে ঈদবস্ত্র গ্রহণ করে হাজারো অস্বচ্ছল নারী-পুরুষ, পথশিশুসহ বিভিন্ন শ্রেণি পেশার অস্বচ্ছল নাগরিকরা। ঈদবস্ত্র বিতরণ অনুষ্ঠানে মেয়র বলেন, দরিদ্র মানুষদের মাঝে ঈদের আনন্দ ছড়িয়ে দিতে বিগত বছরগুলোর ন্যায় এবারও আমি নিজ উদ্যোগে কিছু অসহায় মানুষদের মাঝে ঈদবস্ত্র বিতরণ করছি। সমাজের বিত্তবানরা যদি দরিদ্র জনগোষ্ঠির পাশে দাঁড়ায় তবে সমাজে বৈষম্য থাকে না, তবেই ধনী দরিদ্র একসাথে ঈদ আনন্দ উপভোগ করতে পারবে। আমি বিত্তবানদের অসহায় দরিদ্র জনসাধারণের পাশে দাঁড়ানোর এবং বিলাসী ঈদ উদযাপনের পরিবর্তে দরিদ্রদের পাশে দাঁড়িয়ে সম্মিলিতভাবে আনন্দের ঈদ উদযাপনের আহ্বান জানাচ্ছি। তিনি আরো বলেন, “রমজান মাসে ইফতার, সেহরি, যাকাত, ফিতরা কার্যক্রমের মাধ্যমে ধনী- দরিদ্রের সামাজিক ব্যবধান দূর হয়ে সমাজে সাম্যের শিক্ষা প্রতিষ্ঠিত হয়। ইফতারের মাধ্যমে ধনী-গরীব এক কাতারে আসে। স্বচ্ছল মানুষরা উপলব্ধি করতে পারে ক্ষুধার্ত মানুষের যন্ত্রণা। আসুন আমরা সম্মিলিতভাবে ইসলামের সুমহান শিক্ষাকে বুক ধারণ করে ক্ষুধামুক্ত সমাজ গড়ে তুলি।”

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮